## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

### সাপ্তাহিক সংবাদ-পত্র


হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)



৪২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮শে আষাঢ় বুধবার ১৩৬২ ইংরাজী 13th July. 1955 | ৯ম সংখ্যা






## নূতন বীমার কাজে

বিপুল সাফল্য

১৯৫৪ সালে

## ৩০ কোটি টাকার উপর

জাতীয় প্রতিষ্ঠানরূপেই হিন্দুস্থানের প্রতিষ্ঠা এবং গত ৪৮ বৎসর ধরিয়া জাতীয় প্রতিষ্ঠানরূপেই ইহা গড়িয়া উঠিয়াছে। আজ উচ্চ হইতে উচ্চতর স্থানে অধিষ্ঠিত হইয়া ইহা নূতন গৌরব অর্জন করিয়াছে এবং দেশ ও দশের সেবায় কর্মীদের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় এক মহৎ দৃষ্টান্ত স্থাপন করিয়াছে। এই সাফল্যের মূলে রহিয়াছে ত্রিবিধ নিরাপত্তার ভিত্তি :

★ সুষ্ঠু ও সুচিন্তিত পরিচালনা ;
★ জনসাধারণের অবিচলিত আস্থা ;
★ লগ্নী ব্যাপারের নিরাপত্তা

বোনাস { আজীবন বীমায় ১৭॥০
মেয়াদী বীমায় ১৫৲

প্রতি বৎসর প্রতি হাজার টাকার বীমায়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্

৪, চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৮শে আষাঢ় বুধবার সন ১৩৬২ সাল।

# স্তুতি ও তোষামোদ

স্তুতি বা স্তব মানে গুণ-দোষাদি কীর্ত্তন। তোষামোদ মানে খোসামোদ অর্থাৎ মনজোগান কথা বলা। দোষের কথা চেপে গিয়ে শুধু গুণের অতিশয়োক্তির নাম তোষামোদ। চলতি কথায় খোসামোদ। দেবতার স্তুতি করা মানেই তাঁহার স্বরূপ বর্ণনা করা। আমাদের দেশে একটি প্রবাদ প্রচলিত আছে—

"স্বরূপ বল্‌লে দেবতা তুষ্ট
স্বরূপ বল্‌লে মানুষ রুষ্ট।"

সব দেবতার আগে গণেশের পূজার ব্যবস্থা আছে। সিদ্ধিদাতা এই দেবতার পূজার সময় তাঁহার ধ্যান করার সময় ভক্ত যে মন্ত্র উচ্চারণ করেন তাহাতে যে যে শব্দ আছে, তাহার মধ্যে তাঁহার যে স্বরূপ বর্ণনা আছে, দেবতা না হইয়া মানুষ হইলে কথনই তাহা শুনিয়া সন্তুষ্ট হইতেন না।—যথা—থর্ব্বং (বেঁটে) স্থূলতনুং (মোটা) গজেন্দ্র-বদনং (হাতীমুখো) লম্বোদরং (পেট মোটা) ইত্যাদি বিশেষণ মানুষ নিশ্চয় হাসিমুখে সহ্য করিতে পারিতেন না। দেবতার পক্ষে তাঁহার স্বরূপ বর্ণন অপ্রীতিকর হয় না। দেবাদিদেব মহাদেব শিব ভিক্ষা দ্বারা উদরান্ন সংগ্রহ করেন বলিয়া কথিত আছে। তাঁহার গৃহিনী মহামায়া দুর্গার ধ্যানে প্রথমেই তাঁহার দৈন্যের কথা দিয়া আরম্ভ করা হয়। মা দুর্গার তৈলাভাবে চুলে জটা পড়িয়াছে, তাই ভক্ত—"জটাজুট-সমাযুক্তাং" বলিয়া স্বরূপ বর্ণনা অর্থাৎ ধ্যান করিলেও মা অপ্রসন্না হন না।

যদি মানুষ স্বার্থের জন্য শত সহস্র অসদ্‌গুণযুক্ত মানুষকে তোষামোদ করিয়া অতিমানব বা মহা-মানবরূপে আরাধনার উদ্যোগ আয়োজন করে, আর সেই আরাধ্য মানুষটি নিজেকেও অসাধারণ ব্যক্তিত্বসম্পন্ন বলিয়া বর্ণনা করিয়া আত্মপ্রসাদ লাভ করে, তখনই মনে হয়, দেশে যে স্বাধীনতা আসিয়াছে, ইহা কোন্ জাতীয় স্বাধীনতা! কাচকে কাচ আর মণিকে মণি বলিবার শক্তিও সাধারণ লোকের নাই।

ইংরাজ দুই শত বৎসর ভারতবর্ষে রাজত্ব করিয়া একশত জন লোকের মধ্যে মাত্র ১৫ জনকে আক্ষরিক করিয়া দেশকে স্বাধীনতা দিয়া দেশের লোককে দেশ শাসনভার অর্পণ করিয়া চলিয়া গেলেন। কংগ্রেস দলই বড় দল। কাজেই কংগ্রেসই দেশ শাসনের অধিকার পাইল। কংগ্রেস ছাড়া আরও কতকগুলি দল দেশে না থাকা নয়, তারা শাসনপরিষদে প্রবেশ করিলেও কংগ্রেসের কাজে সংখ্যায় নগণ্য। তার উপর এ দলে ও দলে মিল নাই। শাসনপরিষদে কংগ্রেসকে সংখ্যার গরিষ্ঠতায় পরাভব করার কোনও উপায় না দেখিয়া পরার্থকে জলাঞ্জলি দিয়া স্বার্থের জন্য ব্যক্তিগতভাবে কংগ্রেসে প্রবেশ করিয়া অনেকে "আপনি বাঁচলে বাপের নাম" বিবেচনা করিয়া কংগ্রেসী হইয়া গিয়াছেন। বড় দল কংগ্রেস আরও বড় হইল। এখন তাকে কে ঠেকায়! কয়েক বছর হ'তে পশ্চিমবঙ্গ প্রাদেশিক কংগ্রেসের সভাপতি শ্রীঅতুল্য ঘোষ মহাশয় সার্ব্বজনীন দুর্গোৎসবের অনুকরণে ১লা জুলাই তারিখে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয়ের জন্মোৎসব পর্ব্ব উদ্‌যাপনের আয়োজন সুরু করিয়াছেন। পূর্ব্ব পূর্ব্ব বৎসর মন্ত্রী মহাশয় যত বৎসর বয়সে পদার্পণ করেন, তাঁহার হস্তে তত হাজার টাকার চেক কংগ্রেস সভাপতি প্রদান করিয়া মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্রের দীর্ঘায়ু কামনা করিয়া থাকেন। এ বৎসর ডাঃ রায় ৭৪তম বর্ষে পদার্পণ করিলেও শ্রীঅতুল্য ঘোষ চাঁদা তুলিয়াছেন এক লক্ষ টাকা। ৮৫ হাজার টাকা ডাঃ রায়কে দেওয়া হইয়াছে। বাকি ১৫ হাজার টাকা ব্যয়ে ডাঃ রায়ের জীবনচরিত ছাপা হইবে। প্রত্যেকখানি গ্রন্থের মূল্য হইবে ১০৲ টাকা।

ডাঃ রায় যখন সত্য সত্য ডাক্তার ছিলেন, অর্থাৎ তাঁহার মত চিকিৎসক এসিয়ার মধ্যে ছিল কিনা সন্দেহ, তখন দেশবিখ্যাত সুচিকিৎসক বিধানচন্দ্রের জন্মোৎসব দেশের কোনও ব্যক্তি উদ্‌যাপনের কথা মনেও করে নাই। যখন তিনি স্বাধীন বৃত্তি পরিত্যাগ করিয়া মাসিক বেতন লইয়া সেবকের পদ গ্রহণ করিলেন, তার বহু পরে শ্রীঅতুল্য ঘোষ এই উৎসব চালু করিয়া বৎসর বৎসর টাকা সংগ্রহ করিয়া ডাঃ রায়ের হাতে চেক দিবার প্রথা প্রচলন করিলেন।

এই জন্মোৎসব পর্ব্বের উদ্যোগী এবং ডাঃ বিধানচন্দ্রের জীবনচরিত প্রকাশে অগ্রণী অতুল্য বাবুর নিকট আমাদের সানুনয়ে নিবেদন—গ্রন্থ-খানিতে রামায়ণে বা অন্যান্য রামচরিত নাটক বা গীতিকাব্যে রামের দোষগুণ সব বর্ণনা যেমন আছে তেমনি বিধানচরিতে তাঁহার চরিত্রের এবং কীর্ত্তি-কলাপের কোন ঘটনা বাদ দেওয়া না হয়। ডাঃ রায়ের নিজের সম্বন্ধে বর্ণনায় একটু অসামঞ্জস্য একখানি সংবাদপত্রে দেখিয়া অতুল্য বাবুকে অনুরোধ করিতেছি যেন সে অসঙ্গতি না থাকে। সংবাদপত্রে বাহির হইয়াছে—

"ডাঃ রায় বলিয়াছেন, মেডিক্যাল কলেজ হইতে বাহির হইয়া, দুই বছর প্র্যাক্‌টিস্ করিয়াই তিনি বিলাত গিয়াছেন এবং সেখানে একই সঙ্গে প্রথমেই এম্-আর-সি-পি, এফ্-আর-সি এস্ পড়িয়াছেন, এবং দুই বছরে পাশ করিয়াছেন। মেডিক্যাল রেজিষ্টারে কিন্তু অন্য কথা বলে, ১৯০৯ সালে তিনি আগে এল-আর-সি-পি, এম-আর-সি-এস পাশ করিয়াছেন এবং ১৯১১ সালে এম-আর-সি-পি, এফ-আর-সি-এস পাশ করিয়াছেন। ইহাতে তাঁহার বিলাত বাস তিন বছর হয়, ১২০০৲ টাকায় কুলায় না, একবারে এম-আর-সি-পি, এফ-আর-সি-এস্ পড়াও বুঝায় না।"

রামচরিতে যেমন রামের অন্যায় কর্ম্ম বর্ণনা কিছু বাদ পড়ে নাই তেমনি বিধানচন্দ্রের জীবন-চরিত গ্রন্থে যেন তাঁহার খেয়াল বা দোষাবহ কোনও কার্য্য বাদ দেওয়া না হয়। তাঁহার আমলে নারীর উপর, শিশুর উপর, বন্দীদের উপর গুলি চালনা ইত্যাদি যেন জীবনচরিতে বাদ দেওয়া না হয়। কুচবিহার রিপোর্ট, ট্রামভাড়া তদন্ত রিপোর্ট এর বিষয় যেন মুদ্রিত হয়। কারণ তিনিই বলিরাছেন যে একটি সত্য কথা বলিতে গিয়া তাঁহাকে এম-বি ফেল হইতে হইয়াছিল।

বাঙ্গালী নাটক লেখক রামচন্দ্রের চোরাবাণে বালি বধে তদীয় পত্নী তারা রামচন্দ্রকে যে অভি-

সম্পাত করিয়াছিলেন আজও ভিকারী গায়ক দ্বারে দ্বারে মুষ্টি ভিক্ষা লইয়া সেই গান গাহিয়া থাকে।

গান

বিপদ বারণ, তুমি নারায়ণ,
লোকে বলে তোমায় করুণা নিদান।

* * *

কি দোষ পাইয়া পতিরে আমার
অন্যায় সমরে করিলে সংহার,
দয়াময় তব একি অবিচার
কাঁদায়ে বধিলে অবলার প্রাণ ॥
যে অনলে তুমি জ্বালালে আমায়,
সে অনলে তুমি জ্বলিবে নিশ্চয়,
জানকী পাইবে, পুনঃ হারাইবে
কেঁদে কেঁদে হবে দিবা অবসান।

মন্ত্রী বিধানচন্দ্রের ডাক্তারী আমলে জন্মদিন উদ্‌যাপন না করিয়া এখন রাজশক্তিসম্পন্ন বিধানের জন্মোৎসব করায় শ্রীঅতুল্যের কোন দোষ নাই। ভরদ্বাজ মুনি রামচন্দ্রের বনগমনের সময় সামান্য অতিথির মত তাঁর যত্ন করেন। বন হইতে প্রত্যাগমনের সময় ভরদ্বাজ আশ্রমকে সুসজ্জিত করিয়া রামচন্দ্রকে অভ্যর্থনা করায় রামচন্দ্র কর্তৃক জিজ্ঞাসিত হইয়া নিম্নোক্ত উত্তর দান করেন—

অবস্থা পূজ্যতে রাজন্
ন শরীরং শরীরিণাং।
তদা বনচরো রামঃ
ইদানীং নৃপতাং গতঃ ॥

অর্থাৎ তখনকার বনচর রাম এখন অযোধ্যার রাজা।

---

## আলো না থাকায় অসুবিধা

গত ২৭শে জুন হইতে আজিমগঞ্জ ও ধুলিয়ান-গঙ্গার মধ্যে ৩ এ ডি আপ ও ৪ এ ডি ডাউন লাইট ট্রেন চলাচল করিতেছে। উক্ত গাড়ীর কামরাগুলিতে আলো না থাকায় যাত্রিগণের ভীষণ অসুবিধা হইতেছে। পোনা-মৎস্য বহনকারী ব্যবসায়িগণের হাঁড়ি ভাঙ্গিয়া যাওয়ায় লোকসান হইতেছে। উপযুক্ত আলোর সুব্যবস্থা করার জন্য আমরা রেল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## বহরমপুরে শহীদ আমীরচাঁদ দিবস

গত ৩রা জুলাই রবিবার বহরমপুর ভারতীয় জনসংঘের উদ্যোগে পর্ত্তুগীজ গোয়ায় অহিংস সত্যাগ্রহী আমীরচাঁদের মৃত্যু উপলক্ষে শহীদ আমীরচাঁদ দিবস পালিত হয়। এই উপলক্ষে জনসংঘের পতাকাশোভিত একটী বিরাট সাইকেল শোভাযাত্রা সহরের প্রধান প্রধান রাস্তাগুলি পরিভ্রমণ করিয়া বৈকাল ৫টায় খাগড়া ধর্ম্মশালা প্রাঙ্গণে আসিয়া জমায়েৎ হয়। সভায় সভাপতিত্ব করেন শ্রীঅজিতকুমার মৈত্র ( জনসংঘ সম্পাদক )। শ্রীবিমলশঙ্কর তালুকদার, শ্রীসমরেশ মুখোপাধ্যায়, শ্রীমণিগোপাল সাহা প্রভৃতি অনেকে বক্তৃতা করেন। অবশেষে সভাপতি শ্রীমৈত্র পর্ত্তুগীজ গোয়ায় ইদানীং কালের রাজনৈতিক পরিস্থিতির বিষয় পর্য্যালোচনা করিয়া একটী সারগর্ভ বক্তৃতা করেন এবং অবিলম্বে ভারত সরকারকে গোয়ার ব্যাপারে সক্রিয় বাস্তবনীতি গ্রহণ করিবার দাবী জানাইয়া একটী প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়। —সংবাদদাতা

---

## বাঙ্গালী কুমারীর কৃতিত্ব

আসামের সুপারিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়ার শ্রীধীরেন্দ্র চন্দ্র দত্ত মহাশয়ের তৃতীয়া কন্যা কুমারী সুনন্দা দত্ত এ বৎসর গৌহাটী বিশ্ববিদ্যালয়ের আই-এ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করিয়াছে। কুমারী সুনন্দা প্রবেশিকা পরীক্ষাতেও মাসিক ২০৲ কুড়ি টাকা হিসাবে ১ম গ্রেডের বৃত্তি লাভ করিয়াছিল। আমরা শ্রীমতীর সাফল্যে বিশেষ সন্তুষ্ট হইয়া ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

---

## সত্যাগ্রহীদলের প্রত্যাবর্ত্তন

পার্লামেণ্টের সদস্য শ্রীত্রিদিব চৌধুরীর নেতৃত্বে ঐ সত্যাগ্রহী দল গোয়ায় প্রবেশ করেন। তাঁহাদের একচল্লিশ জন মোটরযোগে বেলগাঁও যাত্রা করেন। পর্ত্তুগীজ কর্তৃপক্ষ কর্ত্তৃক প্রহৃত সাতজন সত্যাগ্রহীকে সবন্তবাদী হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে।

---

## প্রবীণতম মোক্তারের মৃত্যু

সহযোগী "রাঢ়দীপিকায়" প্রকাশ বিগত ১৮ই জুন রামপুরহাট ফৌজদারী আদালতের প্রবীণতম মোক্তার আবদুল মজিদ মিঞা ৯৩ বৎসর বয়সে মারা গিয়াছেন। তিনি ৫৫ বৎসরকাল নিয়মিতভাবে কৃতিত্বের সহিত আইন ব্যবসায়ে লিপ্ত ছিলেন। গুণগ্রাহী সহকর্ম্মিগণ এক বৎসর পূর্ব্বে দীর্ঘ কর্ম্মজীবনের "সুবর্ণ জয়ন্তী" উৎসব করিয়া তাঁহার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি অত্যন্ত দয়ালু, ঋষিকল্প সংযমী পুরুষ ছিলেন। সুদীর্ঘ কর্ম্মজীবন ও পারিবারিক জীবনে কাহারও সহিত কোন দিন কোনরূপ মনোমালিন্য হয় নাই। তিনি টাকায় ৩৬ সের উৎকৃষ্ট চাউল, ৮ সের সরিষার তৈল আধ মণ খাঁটি দুধ, দেড় সের খাঁটি ঘৃত ক্রয় করার কথা বলতেন। এখনকার লোকের কাছে ঐ সব দর রূপকথার মত শুনাইবে! তিনি তিন পুত্র, দুই কন্যা, নাতি, নাতিনী ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। বহরমপুর গোরাবাজারের সুসাহিত্যিক অধ্যাপক রেজাউল করিম সাহেব তাঁহার ভাগিনেয়।

---

## Notice.

Applications are invited for re-settlement of Pachwai shop at Parulia in Kandi 'A' circle of this district.

Applications should reach the undersigned on or before the 25th July, 1955 and must have a Court fee stamp of annas twelve affixed on it.


Further particulars will be available in Excise Office, Berhampore.

Sd/- G. Halder,
For Collector of Murshidabad.

---

## বাড়ী বিক্রয়

১২ কাঠা জায়গার উপর জঙ্গীপুরে টোল অফিসের পাশে ( পুরান পোষ্ট অফিস ) বাড়ী বিক্রয় হইবে। বিস্তারিত বিবরণের জন্য রঘুনাথগঞ্জ ছায়াবাণী টকীজের প্রোপ্রাইটারের সহিত সাক্ষাৎ করুন।




**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

।আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত